**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# সুবিধাবঞ্চিত কমিউনিটি ও অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠীকে উপকৃত করা ক্লাইমেট জাস্টিস ফেলোশিপের (CLIMATE JUSTICE FELLOWSHIPS) জন্য গভর্নর হোচুলের 6 মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা

***এই তহবিল তিন বছরের মধ্যে 150টি ফেলোশিপে সহায়তা করবে***

***সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমতার সাথে নির্মল জ্বালানির পথে উত্তরণ নিশ্চিতকল্পে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতিকে সামনে এগিয়ে নিয়ে যায়; জলবায়ু সপ্তাহের আগে এই ঘোষণা দেওয়া হলো***

***আবেদনপত্র এখানে পাওয়া যাবে***

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে স্টেটজুড়ে বর্তমানে ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে বাস করছেন অথবা অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠীর অংশ এমন ব্যক্তিদের তিন বছর সময়ব্যাপী 150টি ক্লাইমেট জাস্টিস ফেলোশিপের সুযোগ দিয়ে সহায়তা করার জন্য 6 মিলিয়ন ডলারের তহবিল এখন লভ্য রয়েছে। 20 সেপ্টেম্বর থেকে 26 সেপ্টেম্বর পর্যন্ত নিউ ইয়র্কে উদযাপিত হতে যাওয়া জলবায়ু সপ্তাহের আগে দেয়া এই ঘোষণাটি জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের আবশ্যকতা অনুযায়ী সকল নিউ ইয়র্কবাসীর জন্য সমতার সাথে নির্মল জ্বালানির পথে উত্তরণ নিশ্চিতকল্পে নিউ ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতি বাস্তবায়নে সহায়তা করতে সাহায্য করবে।

"নিউ ইয়র্ক কিভাবে ভবিষ্যত প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য ফলপ্রসূ ক্যারিয়ারের পথ গড়ে তোলার পাশাপাশি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে থাকা ব্যক্তিদের জন্য জলবায়ু সংক্রান্ত ন্যায়বিচার ও নির্মল জ্বালানী সম্পর্কিত প্রশিক্ষণে সহায়তা করার নতুন ও সৃজনশীল উপায় প্রতিপালনে কাজ করছে তা এই ফেলোশিপগুলো তুলে ধরে," **বলেছেন গভর্নর হোচুল।** "যথাযথ প্রতিনিধিত্ব নেই এমন পটভূমি থেকে আসা নিউ ইয়র্কবাসীদেরকে আমাদের অর্থনীতিতে অংশগ্রহণ করার জন্য এই তহবিল একটি নতুন সুযোগ প্রদান করবে। স্টেটের জলবায়ু বিষয়ক উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনের জন্য আমাদের কাজ করার এই সময়ে নিউ ইয়র্কবাসীদের ধারণা, মেধা, ও দক্ষতাকে কাজে লাগিয়ে একটি অন্তর্ভুক্তিমূলক সবুজ জ্বালানির বাজার সৃষ্টির দিকে নজর দেয়া আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) পরিচালিত এই কর্মসূচি বর্তমানে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে বসবাসকারী বা অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠী থেকে আসা পূর্ণকালীন ফেলোদের—যেমন নিম্ন আয়ের, অক্ষম, গৃহহীন, ইতোপূর্বে কারাভোগ করা, পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটির বাসিন্দা, ভেটেরান ও আমেরিকান আদিবাসী, প্রমুখ ব্যক্তিদের পেশাগত উন্নয়ন, প্রশিক্ষণ ও মেন্টরিং-এর ক্ষেত্রে সহায়তা করার জন্য হোস্ট নিয়োগকারীদেরকে আবেদন করার আহ্বান জানাচ্ছে।

কমিউনিটিভিত্তিক সংস্থা, বিশ্ববিদ্যালয়, মিউনিসিপ্যালিটি, জলবায়ু প্রযুক্তি উদ্ভাবক/স্টার্ট-আপ, ও নির্মল জ্বালানি সংক্রান্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলোর সাথে কমিউনিটি সম্পৃক্ততা সংক্রান্ত ক্রিয়াকলাপ, নির্মল জ্বালানি প্রকল্প উন্নয়ন ও বাস্তবায়ন, অংশীদারিত্ব গড়ে তোলা, নির্মল জ্বালানি সংক্রান্ত স্টার্ট-আপ, বা সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে জলবায়ু সংক্রান্ত ন্যায়বিচার ও নির্মল জ্বালানির অগ্রাধিকারকে সামনে এগিয়ে নেয় এমন অন্যান্য প্রকল্পে সাহায্য ও সহায়তা করার জন্য নির্বাচিত ফেলোরা কাজ করবেন।

**NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন,** "ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে বসবাসকারী ব্যক্তিরা তাদের কমিউনিটির চাহিদা সম্পর্কে সবচেয়ে ভালো জানেন। আমাদের ক্লাইমেট জাস্টিস ফেলোশিপ কর্মসূচির অনন্যতা হলো এটি ব্যক্তিদেরকে এমন সংস্থাগুলোর সাথে জোড়বদ্ধ হওয়ার সুযোগ করে দেয় যারা সেই একই কমিউনিটিতে নির্মল জ্বালানি ও জলবায়ু সংক্রান্ত ন্যায়বিচার সহজতর করতে চায় - যা একটি অনন্য সহযোগিতার সম্পর্ক তৈরি করে ও ঐতিহ্যগতভাবে বঞ্চিত হতে থাকা এলাকাগুলোতে সমতাভিত্তিক সবুজ উত্তরণ নিশ্চিত করতে সাহায্য করে।"

NYSERDA 2021 সালে প্রায় 50টি ফেলোশিপ ও 2023 সালের মধ্যে 100টি পর্যন্ত ফেলোশিপের জন্য তহবিল প্রদান করবে, এবং স্টেট পর্যায়ের ও ফেডারেল সংস্থা, অলাভজনক সংস্থা, ফাউন্ডেশন, ও অন্য অংশীদারদের সাথে বিদ্যমান সংস্থানসমূহ ও র‍্যাপ-অ্যারাউন্ড পরিষেবাসমূহ যেমন পরিবহন ও চাইল্ডকেয়ার সার্ভিস, প্রশিক্ষণ, ও পেশাগত উন্নয়নের সুযোগগুলো কাজে লাগানোর জন্য কাজ করবে।

আবেদন অবশ্যই 28 অক্টোবর, 2021 তারিখ বিকাল 3টা EST-এর মধ্যে জমা দিতে হবে। হোস্ট নিয়োগকারীদের অবশ্যই একজন চিহ্নিত ফেলো প্রার্থীর সাথে এই কর্মসূচিতে আবেদন করতে হবে। উক্ত ফেলো 12-মাস সময়কালের মধ্যে যে সুনির্দিষ্ট ক্রিয়াকলাপগুলো সম্পন্ন করবেন সেগুলো সম্পর্কে নিয়োগকারীদের একটি রূপরেখা প্রদান করতে হবে। আবেদনের পরিকল্পিত সময়সূচি: শরৎ 2021, কোহর্ট 1; শীত/বসন্ত 2022, কোহর্ট 2; শীত/বসন্ত 2023, কোহর্ট 3।

সলিসিটেশনের শর্তসমূহ পর্যালোচনা ও প্রশ্নের উত্তর দেয়ার জন্য 16 সেপ্টেম্বর, 2021 সকাল 10:00টা EST-এর সময় NYSERDA একটি তথ্যমূলক ওয়েবিনার পরিচালনা করবে। আরো তথ্যের অনুরোধ জানাতে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তিরা সাবজেক্ট লাইনে "PON 4772 Climate Justice Fellowship" লিখে WFinfo@nyserda.ny.gov ঠিকানায় ইমেইল পাঠিয়ে নিবন্ধন করতে পারবেন।

**সিনেটর কেভিন পার্কার বলেন,** "জলবায়ু সংক্রান্ত ন্যায়বিচারের বিষয়টি মোকাবেলা করাটা আমাদের স্টেটের জ্বালানি সংক্রান্ত লক্ষ্যগুলো অর্জনের একটি গুরুত্বপূর্ণ উপাদান। নির্মল জ্বালানি প্রকল্প উন্নয়ন ও বাস্তবায়নের জন্য বিভিন্ন সংস্থার সাথে ইন-হাউস ভিত্তিতে কাজ করবেন এমন ফেলোদের জন্য বিনিয়োগ করার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোচুল ও NYSERDA-এর প্রশংসা করি। এটি একটি গুরুত্বপূর্ণ সুযোগ এবং এটি জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনে (CLCPA) আমাদের নির্ধারণ করা লক্ষ্যে পৌঁছানো নিশ্চিত করতে আমাদেরকে সাহায্য করবে।"

**সিনেটর জেসিকা রামোস বলেন,** "গত সপ্তাহের হঠাৎ বন্যা পঙ্গু করে দেয়ার মতো ও এমনকি প্রাণঘাতী ছিল, নিউ ইয়র্কের জলবায়ু অবকাঠামোর সহিষ্ণুতা গতকাল নাগাদ উন্নত হওয়া উচিত ছিল। আমাদেরকে নিরাপদ রাখার জন্য ক্লাইমেট জাস্টিস ফেলোশিপ কর্মসূচি আমাদের স্টেটব্যাপী নেতৃত্ব গড়ে তুলবে। আর বেশি সময় নষ্ট না করায় আমি গভর্নর হোচুলের প্রশংসা করি। আমাদের যে অবশ্যই নিম্ন-আয়ের ও বিভিন্ন বর্ণের লোকজনের জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য আমাদের নিজেদের কমিউনিটির মধ্যে কাজের সুযোগ করে দিতে হবে এই স্বীকৃতি আমাদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখা ও জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতার চূড়ান্ত সমাপ্তি ঘটানোর জন্য অর্থপূর্ণ বিনিয়োগের সূচনা মাত্র।"

**400 ফাউন্ডেশনের VP ও সহ-প্রতিষ্ঠাতা ও ঐতিহাসিক ইমানুয়েল AME চার্চের প্যাস্টর রেভারেন্ড ড. কাহলি সি মুটু বলেন,** "জলবায়ু পরিবর্তন ও বায়ু দূষণ অব্যাহতভাবে আমাদের কমিউনিটির উপর বিশেষভাবে বেদনাদায়ক প্রভাব ফেলছে। অর্থনৈতিক ন্যায়বিচার অর্জনের জন্য ও নিউ ইয়র্কের কৃষ্ণাঙ্গ কমিউনিটিকে সমতাভিত্তিক ক্যারিয়ার গড়ার সুযোগ দেয়ার জন্য সবুজ কর্মসংস্থান অবশ্যই মনোযোগের কেন্দ্রবিন্দুতে থাকতে হবে। 400 বছর ধরে চলে আসা বৈষম্যের পরে, এখন এটির মতো উচ্চমানের শিক্ষা ও চাকরির প্রশিক্ষণের সুযোগ পাওয়ার সময় এসেছে। ক্লাইমেট জাস্টিস ফেলোশিপ একাধারে ক্যারিয়ার গড়ার সুযোগ ও কমিউনিটির পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তার ক্ষেত্রে বর্ণ বৈষম্য দূর করবে, এবং BIPOC কমিউনিটিকে আগের যেকোনো সময়ের চেয়ে সমতার আরো কাছাকাছি নিয়ে আসবে।"

**অ্যাডিরনড্যাক নর্থ কান্ট্রি অ্যাসোসিয়েশন নির্মল জ্বালানি কর্মসূচির ডিরেক্টর জেরোড ব্লে, CEM, বলেন**, "গভর্নর হোচুলের ক্লাইমেট জাস্টিস ফেলোশিপ কর্মসূচি চালুর ঘোষণার কথা জেনে ANCA রোমাঞ্চিত৷ এই ফেলোশিপ কর্মসূচি ANCA-এর মতো সংস্থাগুলোকে আমাদের নির্বাচনী এলাকার লোকজনের সাথে ইতোমধ্যে গড়ে তোলা আস্থা ও বিশ্বাসকে আরো সামনের দিকে এগিয়ে নেয়ার সুযোগ করে দেয়, এবং সেইসাথে জলবায়ু সংক্রান্ত ন্যায়বিচার নিয়ে কর্মরত পরবর্তী প্রজন্মের পেশাজীবীদের জন্য সুচিন্তিত উন্নয়ন কার্যক্রম প্রদান করে। প্রান্তিক জনগোষ্ঠীর সবচেয়ে বড় চ্যালেঞ্জগুলোর যথাযথ প্রতিক্রিয়া অবশ্যই সেই কমিউনিটিগুলোর কাছ থেকে আসতে হবে এবং একটি নির্মল জ্বালানির ভবিষ্যতের দিকে উত্তরণের এই সময়ে আমাদের নর্দার্ন নিউ ইয়র্ক কমিউনিটিগুলোকে এই সুযোগ ও সমতা ও ন্যায়বিচারের উপর আলোকপাত করে এমন অন্যান্য NYSERDA কর্মসূচির মাধ্যমে সহায়তা করতে পেরে আমরা রোমাঞ্চিত।"

ক্লাইমেট জাস্টিস ফেলোশিপের জন্য তহবিল নির্মল জ্বালানি তহবিলের পাশাপাশি আঞ্চলিক গ্রিনহাউজ গ্যাস উদ্যোগের (Regional Greenhouse Gas Initiative) মাধ্যমে সরবরাহ করা হবে, এবং এটি বিদ্যমান কর্মীদলের উন্নয়ন ও প্রশিক্ষণের উদ্যোগসমূহে সহায়তা করার জন্য

NYSERDA-এর প্রায় 120 মিলিয়ন ডলারের প্রতিশ্রুতির অংশ, যা 40,000 এরও বেশি নিউ ইয়র্কবাসীকে ক্রমবর্ধমান নির্মল জ্বালানি সংক্রান্ত কর্মসংস্থানের সুযোগের জন্য প্রশিক্ষণ ও প্রস্তুতি গ্রহণে সাহায্য করবে ও নির্মল জ্বালানি সংক্রান্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে কর্মীদের নিয়োগ ও প্রশিক্ষণ দেয়ার ক্ষেত্রে সহায়তা করবে। এছাড়াও এই ক্লাইমেট জাস্টিস ফেলোশিপ কর্মসূচি NYSERDA-এর নির্মল জ্বালানি শিল্পে যোগদান করতে ইচ্ছুক ব্যক্তিদের ইন্টার্নশিপের জন্য অর্থায়ন করা এবং চাকরি-চলাকালীন প্রশিক্ষণের ব্যবস্থা করার মাধ্যমে পরবর্তী প্রজন্মের নির্মল জ্বালানি কর্মী প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট প্রচেষ্টার সাথে যোগ হবে। নিউ ইয়র্ক স্টেটের নির্মল জ্বালানি বিষয়ক ইন্টার্নশিপ কর্মসূচিতে (Clean Energy Internship Program) সহায়তার জন্য NYSERDA 9.5 মিলিয়ন ডলার প্রদান করছে এবং আজ অবধি 922টি ইন্টার্নশিপে সহায়তা করার পাশাপাশি জ্বালানি সাশ্রয় ও নির্মল প্রযুক্তি বিষয়ে কর্মস্থলে প্রশিক্ষণ প্রদানের জন্য 13.5 মিলিয়ন ডলার সরবরাহ করেছে এবং 675 জন ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করেছে—যাদের অনেকেই স্টেটজুড়ে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলো ও অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠী থেকে এসেছেন।

NYSERDA-এর নির্মল জ্বালানি কর্মীদল উন্নয়ন ও প্রশিক্ষণ কর্মসূচি সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ভিজিট করুন।

**নিউইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্বাধীন জলবায়ুর পরিকল্পনা**

নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্বাধীন জলবায়ুর এজেন্ডা হচ্ছে দেশের সবচেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিষ্কার শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 (COVID-19) থেকে সেরে অথার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের মার্কিন বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য $6.8 বিলিয়ন, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন মার্কিন, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের মার্কিন বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.2 বিলিয়নের মার্কিন বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেইসাথে নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেয়ার লক্ষ্য স্থির রেখে কমপক্ষে 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর কাছে পৌঁছে তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন